

শিক্ষার্থীদের জিজ্ঞাসিত প্রশ্ন ও তার উত্তরঃ

যশোর

প্রশ্নঃ কেউ যদি আমার আইডি হ্যাক করে এবং আমার পাসওয়ার্ড পরিবর্তন করে তবে কি করতে পারি?

উত্তরঃ আমরা অনেক সময় ফেসবুক আইডি হ্যাকিং এর ঘটনা দেখে থাকি অথবা অন্য কারোর ছবি নাম দিয়ে অনেকে ফেসবুক আইডি খুলে তাকে বিব্রত করতে দেখি। ফেসবুকে আপনার নামে কেউ ফেক আইডি খুললে কিভাবে রিপোর্ট করবেন এটা সকলের জেনে রাখা ভাল। প্রথমে যেই আইডিতে রিপোর্ট করতে চান তার প্রোফাইলে যান। এবার ওপর থেকে **More** অপশানে ক্লিক করুন। এবার **Find support or report profile** ক্লিক করুন। এখানে অনেক গুলো অপশন পাবেন সব গুলোর অর্থ সংক্ষেপে নিচে বলা হলঃ

Pretending to be someone

যদি কেউ আপনার নামে ফেক ফেসবুক আইডি খোলে তাহলে **Pretending to be someone** ক্লিক করে নিচে থেকে **me** সিলেক্ট করুন।

হ্যাকড আইডি পুনরুদ্ধারঃ হ্যাকড আইডি উদ্ধার করার জন্য <https://www.facebook.com/hacked> লিঙ্ক টি প্রথমে ওপেন করতে হবে। এরপর **“My Account is Compromised”**-বাটনে ক্লিক করতে হবে। পরবর্তী ধাপে নিজ প্রোফাইলের অন্তর্ভুক্ত **“Email Address”** অথবা **“Phone Number”** লিখে **Search** বাটনে ক্লিক করার পর ফেসবুক কর্তৃপক্ষ ‘পাসওয়ার্ড’ পরিবর্তন করার জন্য অনুরোধ করবে। একটি **Security Code** উদ্ধারকারীর **“Email Address”** অথবা **“Phone Number”** এ যাবে এবং নতুন ‘পাসওয়ার্ড’ এর জন্য অনুরোধ করবে। আর এইভাবে হ্যাকড আইডি উদ্ধার করা সম্ভব।

প্রশ্নঃ কোন লিংকে প্রবেশ করা নিরাপদ হবে তা কিভাবে বুঝব?

উত্তরঃ যেকোন লিংকে প্রবেশ করার সময় ওয়েব এড্রেস **https/Secure** কিনা যাচাই করে নিতে হবে। লিংকের সার্জেশন এর উৎস সম্পর্কে ভালোভাবে যাচাই করে নিতে হবে। ইন্টারনেট ব্যবহারের সময় নতুন অপশন এলে যাচাই করে সেগুলোতে প্রবেশ করতে হবে।

প্রশ্নঃ সামাজিক যোগাযোগ মাধ্যমে কেউ খারাপ মন্তব্য করলে কি করব?

উত্তরঃ সামাজিক যোগাযোগ মাধ্যমে কেউ খারাপ মন্তব্য করলে তা সাইবার বুলিং এর মধ্যে পড়ে। এ ধরনের অপরাধ হতে নিরাপদ থাকার জন্য প্রথমে আমাদের নিজেদের সচেতনতা প্রয়োজন। সামাজিক যোগাযোগ মাধ্যমে বন্ধু নির্বাচনে আমাদের সতর্ক হতে হবে। কোন বিষয় শেয়ার করার আগে ভালোভাবে যাচাই করতে হবে। প্রয়োজনে নিজেদের প্রোফাইল লক করে রাখা যেতে পারে। বিষয়টি যদি মানহানির পর্যায়ে পড়ে, তাহলে নিকটস্থ থানায় অভিযোগ করা যেতে পারে।